



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং- ৫/কল/দিন/১১৭৪/৪২০

তারিখঃ ০৫/০৭/২০১৭

বিষয় : একাডেমিক স্বীকৃতি প্রদান।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.১০.০৪৫.২০১৫-২৩২, তারিখঃ ২২/০৬/২০১৭ইং

এতদ্বারা নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহসহ ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলাধীন নওডাঙ্গা মহাবিদ্যালয় এর একাডেমিক স্বীকৃতির সময়সীমা ০১/০৭/২০১৭ তারিখ হতে ৩০/০৬/২০১৯ পর্যন্ত মোট ০২ (দুই) বছরের জন্য অনুমোদন করা হ'ল।

### শাখাসমূহ :

১। মানবিক, ২। বিজ্ঞান, ৩। ব্যবসায় শিক্ষা।

আবশ্যিক বিষয় :

- (১) বাংলা।
- (২) ইংরেজি।
- (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

নৈর্বাচনিক বিষয় :

- |                            |                                  |
|----------------------------|----------------------------------|
| (ক) মানবিক শাখা :          | ১। পৌরনীতি ও সুশাসন।             |
|                            | ২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।    |
|                            | ৩। ইতিহাস।                       |
|                            | ৪। যুক্তিবিদ্যা।                 |
| (খ) বিজ্ঞান শাখা :         | ১। পদার্থ বিজ্ঞান।               |
|                            | ২। রসায়ন বিজ্ঞান।               |
|                            | ৩। জীব বিজ্ঞান।                  |
|                            | ৪। উচ্চতর গণিত।                  |
| (গ) ব্যবসায় শিক্ষা শাখা : | ১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা। |
|                            | ২। হিসাব বিজ্ঞান।                |
| (ঘ) সকল শাখার জন্যঃ        | ১। কৃষি শিক্ষা।                  |

### শর্তসমূহঃ

- ১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ২। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)- শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষন পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষন করতে হবে।
- ৪। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

- ৫। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে আবশ্যিকীয় সংখ্যক শিক্ষার্থী সংখ্যা এবং পরীক্ষার ফলাফল আবশ্যিকীয় পর্যায়ে উপনীত না হলে স্বয়ংক্রীয়ভাবে স্বীকৃতি বাতিল বলে গণ্য হবে এবং উক্ত কলেজ পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত হবে।
- ৬। প্রতি বিষয়ে কমপক্ষে ২৫ জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে।
- ৭। গবেষণাগার ও গ্রন্থাগারে আরো প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি ও বই পুস্তকের সংখ্যা বাড়াতে হবে।
- ৮। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আরও ভাল করতে হবে।
- ৯। অধ্যক্ষ ও শিক্ষক সারণী বোর্ড অফিস কক্ষে প্রদর্শন করতে হবে।
- ১০। অফিস কক্ষে চলতি সেশনের সকল শ্রেণীর ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং বিগত তিন বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের তালিকা সারণী বোর্ডে উল্লেখ থাকতে হবে।
- ১১। শিক্ষকদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ১২। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ১৩। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ১৪। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ১৫। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারে;
- ১৬। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ১৭। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল বা স্থগিত করতে পারে।

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,  
নওডাঙ্গা মহাবিদ্যালয়  
ডাকঘর : বৈরচুনা  
উপজেলা : পীরগঞ্জ, জেলা : ঠাকুরগাঁও।


স্বঃ  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

স্মারক নং- ৫/কল/দিন/১১৭৪/৪২০

তারিখঃ ০৫/০৭/২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, পলাশী, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
- ৭। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
- ৮। ওয়েব সাইট কপি।
- ৯। অফিস কপি।

  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।  
০৫/০৭/১৭

জরুরী ভিত্তিতে ইন্টারেক্টিভ ওয়েব সাইট খুলুন এবং প্রতিদিন অত্র বোর্ডের ওয়েব সাইড দেখুন।